দৈনিক ইত্তেফাক

তারিখ ৩০/১০/২০০০
পৃষ্ঠা ১৬ কলাম ৭

56

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তি ॥ প্রতি আসনে ১৪ জন প্রতিদ্বন্দ্বী

সাহাবুল হক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলতি ২০০০-২০০১ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ অনার্স শ্রেণীতে ভর্তির জন্য প্রতি আসনে ১৪ জন করিয়া প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। আগামীকাল মঙ্গলবার ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিক্রয় ও গ্রহণ শেষ হইবে। অন্যান্য বছরের তুলনায় এ বছরেই বেশী শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিবে।

বিশ্ববিদ্যালয়ের অনার্স শ্রেণীর মোট ৪ হাজার ২১০টি আসনের বিপরীতে গতকাল (রবিবার) পর্যন্ত ৫৩ হাজার ৫০৯টি আবেদনপত্র (ফরম) বিক্রয় হইয়াছে। বিক্রির শেষ দুই দিনে আরও ১০ হাজার ফরম বিক্রয় হইতে পারে বলিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ধারণা করিতেছেন। মোট আবেদনকারীর সংখ্যা দাঁড়াইবে ৬০ হাজারের বেশী।

আগামী ৩রা নভেম্বর 'গ' (বাণিজ্য) ইউনিটের পরীক্ষার মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হইবে। 'গ' ইউনিটের পরীক্ষার ফলাফল ঘোষিত হইবে ৬ই নভেম্বর। 'খ' (কলা) ইউনিটের ভর্তি পরীক্ষা হইবে ১৭ই নভেম্বর, 'ঘ' (সম্মিলিত) ইউনিটের ভর্তি পরীক্ষা ২৪শে নভেম্বর এবং ১০ই নভেম্বর 'ক' (বিজ্ঞান, জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদ) ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

ভর্তি পরীক্ষা মোট ১০০ নম্বরের মধ্যে এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে এবং পরীক্ষার জন্য এক ঘন্টা সময় নির্ধারিত থাকিবে।